

চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়  
চট্টগ্রাম

ঃ নিয়োগ বিজ্ঞপ্তি ঃ

বিজ্ঞপ্তি নং-০১/২০২৬

তারিখ ঃ ০১-০১-২০২৬

চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়ের জন্য একজন আইন উপদেষ্টা (লিগ্যাল অ্যাডভাইজার) নিয়োগের নিমিত্ত বাংলাদেশের নিম্নবর্ণিত যোগ্যতাসম্পন্ন নাগরিকগণের নিকট হতে দরখাস্ত আহ্বান করা যাচ্ছে। নিয়োগের শর্ত ও কার্যপরিধি নিম্নরূপ ঃ


- ১। প্রার্থীকে অনুমোদিত বিশ্ববিদ্যালয় হতে কমপক্ষে এলএল.বি. (সম্মান) ও এলএল.এম. ডিগ্রিধারী হতে হবে এবং তাঁর বার কাউন্সিলের সনদ থাকতে হবে। প্রার্থী শিক্ষাজীবনে কোন স্তরে ৩য় বিভাগ/শ্রেণি প্রাপ্ত হলে আবেদন করার যোগ্য হবেন না।
- ২। প্রার্থীকে দেওয়ানি (Civil) ও ফৌজদারি (Criminal) মামলা-মোকদ্দমা পরিচালনায় কমপক্ষে ১৫ বছরের অথবা কোন সরকারি/আধা-সরকারি/স্বায়ত্তশাসিত প্রতিষ্ঠানে আইন উপদেষ্টা/আইন অফিসার হিসেবে ১০ বছর কাজ করার অভিজ্ঞতা থাকতে হবে।
- ৩। নির্বাচিত আইন উপদেষ্টাকে মাসিক ২৫০০০/- (পঁচিশ হাজার) টাকা হারে বিশ্ববিদ্যালয় হতে সম্মানী প্রদান করা হবে।
- ৪। নির্বাচিত আইন উপদেষ্টাকে কমপক্ষে সপ্তাহে একদিন বিশ্ববিদ্যালয়ে অফিস করতে হবে।
- ৫। প্রয়োজনবোধে যেকোন সময় তাঁর নিকট প্রেরিত বিশ্ববিদ্যালয়ের নথিপত্রের বিষয়ে আইনগত মতামত ব্যক্ত করতে হবে এবং জরুরি ক্ষেত্রে অনুরোধক্রমে বিশ্ববিদ্যালয়ে এসে সংশ্লিষ্ট কাজ করতে হবে।

আবেদনকারীর পূর্ণ জীবন বৃত্তান্ত ও প্রয়োজনীয় সনদপত্রের সত্যায়িত অনুলিপি সহ উপরোক্ত পদের জন্য ০১ (এক) সেট দরখাস্ত আগামী ০১-০২-২০২৬ তারিখ পর্যন্ত অফিস চলাকালীন সময়ে (সকাল ৮.৩০ মি. হতে দুপুর ৩.৩০ মি. পর্যন্ত) গৃহীত হবে।

প্রার্থীকে সাম্প্রতিক তোলা পাসপোর্ট সাইজের ০৩ (তিন) কপি সত্যায়িত ছবি এবং মার্কসশীটসহ সকল শিক্ষাগত যোগ্যতা, অভিজ্ঞতা ও নাগরিকত্ব সার্টিফিকেট ও NID এর সত্যায়িত কপি দরখাস্তের সাথে অবশ্যই নিম্নস্বাক্ষরকারীর নিকট নির্ধারিত তারিখের মধ্যে পৌঁছাতে হবে।

বিজ্ঞপ্তির শর্ত পূরণ না করলে ঐ দরখাস্ত ও নির্ধারিত শেষ তারিখের পরে প্রাপ্ত দরখাস্ত সরাসরি বাতিল বলে গণ্য হবে।

চাকরিরত প্রার্থীগণকে অবশ্যই যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে আবেদন করতে হবে।

  
1-1-2026

(প্রফেসর ড. মোহাম্মদ সাইফুল ইসলাম)

রেজিস্ট্রার (ভারপ্রাপ্ত)

চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়।

ফোন নং পিএবিএক্স-০২৩৩৪৪৬০৭৬৬-৭৪, ০২৩৩৪৪৬০৭৯-৯১, এক্স-৪২০